

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, সওজ
ফেরি প্লানিং সার্কেল, তেজগাঁও, ঢাকা।
মোবাইল: ০১৭৩০-৭৮২৮৩৫
sefpcdha@rhd.gov.bd



স্মারক নং: ৩৫.০১.০০০০.১৫৭.২৬.০০২.২৩-১৪৩

তারিখ: ১১/০৭/২০২৩খ্রি:

বিষয়: ফেরি নির্মাণ বিভাগ, ঢাকার আওতাধীন বিভিন্ন ফেরি, পন্থুন ও গ্যাংওয়ে মেরামত কাজে ব্যবহৃত এম.এস প্লেট ও এম.এস এ্যাংগেল এর বর্তমান বাজার দর যাচাই করে প্রাক্কলিত দর নির্ধারণ প্রসংগে।

সূত্র: নির্বাহী প্রকৌশলী, সওজ ফেরি নির্মাণ বিভাগ, ঢাকার স্মারক নং-৩৫.০১.০০০০.০৬.০০৮.২৩-২৩৭-এফ/সি তারিখ ২১/০৫/২০২৩খ্রি:


অত্র দপ্তরের স্মারক নং-৩৫.০১.০০০০.১৫৭.০৬.০০২.২৩-৭৫ তারিখ ১৪/০৫/২০২৩খ্রি: মোতাবেক ফেরি নির্মাণ বিভাগ, ঢাকার আওতাধীন বিভিন্ন ফেরি, পন্থুন ও গ্যাংওয়ে মেরামত কাজে ব্যবহৃত এম.এস প্লেট ও এম.এস এ্যাংগেল এর বর্তমান বাজার দর যাচাই করে প্রাক্কলিত দর নির্ধারণের নিমিত্তে নির্বাহী প্রকৌশলী, সওজ, ফেরি নির্মাণ বিভাগ, ঢাকাকে আহ্বায়ক করে ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উল্লেখিত সূত্র মোতাবেক বাজার দর যাচাই কমিটির সদস্যগণ সরেজমিনে ঢাকার স্বনামধন্য কয়েকটি লৌহজাত সামগ্রী বিক্রয় কেন্দ্র পরিদর্শন করে বর্তমান বাজার দর যাচাই-বাছাই করে উল্লেখিত লৌহজাত সামগ্রীর প্রকৃত মূল্য, পরিবহন খরচ, ভ্যাট, আইটি, ফিটিং-ফিক্সিং ও ঠিকাদারের লভ্যাংশ অন্তর্ভুক্ত করে প্রাক্কলিত মূল্য নির্ধারণ করার জন্য সুপারিশসহ সভার কার্যবিবরণী দাখিল করেন।

এমতাবস্থায়, ফেরি নির্মাণ বিভাগ, ঢাকার এম.এস প্লেট, এম.এস এ্যাংগেল, বিভিন্ন লৌহজাত দ্রবাদি এবং ফিটিং-ফিক্সিং চার্জ সহ এম.এস প্লেট, এম.এস এ্যাংগেল ও বিভিন্ন লৌহজাত দ্রবাদির প্রকৃত মূল্য সহ পরিবহন খরচ, ভ্যাট, আইটি ও ঠিকাদারের লভ্যাংশ অন্তর্ভুক্ত করে প্রাক্কলিত মূল্য নির্ধারণের সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

সিদ্ধান্ত সমূহঃ

ক্র:নং	লৌহজাত দ্রবাদি	সরবরাহ পরিবহন খরচ, ভ্যাট, আইটি, ফিটিং-ফিক্সিং চার্জ ও ঠিকাদারের লভ্যাংশ সহ প্রাক্কলিত দর
১.	এম.এস প্লেট (নতুন ও বিভিন্ন পুরুত্বের) সরবরাহ কার্য	বিভিন্ন সাইজের এম.এস প্লেট প্রতি টন টাকা: ১,৭৩,৫০০/- (এক লক্ষ ত্রিশ হাজার পাঁচশত)
২.	এম.এস. এ্যাংগেল (নতুন ও বিভিন্ন সাইজের) সরবরাহ কার্য	বিভিন্ন সাইজের এম.এস এ্যাংগেল সরবরাহ প্রতি টন টাকা: ১,৩৭,০০০/- (এক লক্ষ সাতত্রিশ হাজার)
৩.	এম.এস প্লেট (নতুন ও বিভিন্ন পুরুত্বের) নতুন নির্মাণ/ পুনর্বাসন কার্য	বিভিন্ন সাইজের এম.এস প্লেট সরবরাহ ও ফিটিং ফিক্সিং সহ প্রতি টন টাকা: ২,২৬,৫০০/- (দুই লক্ষ ছাষিশ হাজার পাঁচশত)
৪.	এম.এস. এ্যাংগেল (নতুন ও বিভিন্ন সাইজের) নতুন নির্মাণ/ পুনর্বাসন কার্য	বিভিন্ন সাইজের এম.এস. এ্যাংগেল সরবরাহ ও ফিটিং ফিক্সিং সহ প্রতি টন টাকা: ১,৭০,০০০/- (এক লক্ষ সত্তর হাজার)

এই দর বাজার মূল্যের উঠানামার সহিত সংশ্লিষ্ট এবং সাময়িক। পরবর্তী কালে বাজার দরের সাথে এই দর পরিবর্তিত হতে পারে।


11.07.2023.

(মোহাঃ শামীমুল হক)

পরিচিতি নং-৬০২২২৩

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা:), সওজ
ফেরি প্লানিং সার্কেল, তেজগাঁও, ঢাকা।

বরাবর,
নির্বাহী প্রকৌশলী, সওজ
ফেরি নির্মাণ বিভাগ
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, যান্ত্রিক উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।